



উপজেলা পরিক্রমা

কটিয়াদী

॥ সংবাদদাতা ॥

কিশোরগঞ্জ জেলার ১৬ মাইল দূরে কটিয়াদী উপজেলা অবস্থিত। ১০টি ইউনিয়ন নিয়ে গঠিত এ উপজেলায় ৯৬টি মৌজায় ১৫৫টি গ্রামে ৬টি ডাকঘর, ৪টি ব্যাংক, ৩২৯টি মসজিদ ও ৫টি মন্দির আছে। লোকসংখ্যা মোট ২ লাখ ১৩ হাজার ৪৮০ জন।

যোগাযোগ

যোগাযোগে কটিয়াদী উপজেলা বেশী উন্নত নয়। ৭ মাইল পাকা রাস্তা। উপজেলা সদরে বেশী রাস্তা ইট বিছানো ও ১৭০ মাইল কাঁচা রাস্তা আছে। সড়কে বান চলাচলের খুবই অসুবিধা হয়। যাত্রিগণ জীবনবাহিত্তি নিয়ে বাসে যাতায়াত করে।

কৃষি

উপজেলার প্রধান ফসল ধান, গম, পাট, ইক্ষু, ডাল ও তেলবীজ। প্রয়োজনীয় কৃষি উপকরণের অভাবে এখানে রেকর্ড পরিমাণ কৃষিদ্রব্য উৎপাদন হচ্ছে না। উপজেলায় আবাদী জমির পরিমাণ ৪ হাজার ৮৩ একর ও অনাবাদী জমির পরিমাণ ১৩ হাজার ৪৮১ একর।

শিক্ষা

কটিয়াদী উপজেলা সদরে ১টি কলেজ, ১৫টি উচ্চ বিদ্যালয়, ৩টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয়, সরকারী প্রাথমিক

বিদ্যালয় ৭৯টি ও ১টি কারিগরি বিদ্যালয় আছে। শিক্ষার হার ১৪.৯। উপজেলার বেসরকারী প্রাথমিক বিদ্যালয়গুলো বন্ধের উপক্রম।

চিকিৎসা ব্যবস্থা

সমস্যা জর্জরিত ২ ওয়ার্ড বিশিষ্ট ৩১ বেডের একটি হাসপাতাল উপজেলা কেন্দ্রে অবস্থিত। ৪টি উপস্বাস্থ্য কেন্দ্র আছে। এ হাসপাতালে জীবনরক্ষাকারী কোন ওষুধ নেই। হাসপাতালে চিকিৎসাধীন রোগীদের বাইরে থেকে ওষুধ ক্রয় করতে হয়। প্রায়ই ডাক্তারদের মধ্যে কলহ থাকে ফলে রোগীদের অবস্থা বেগতিক হয়ে দাঁড়ায়।

হাট-বাজার

এ উপজেলায় ১৮টি হাট-বাজার আছে। এর মধ্যে কটিয়াদী বড়ি বাজার। হাট-বাজারগুলোতে সংস্কারের অভাব রয়েছে। ফলে ক্রেতা-বিক্রেতাদের অনেক দুর্ভোগ পোহাতে হয়। বাজারে নর্দমা ও পয়ঃনিষ্কাশনের অভাবে পরিবেশ দুর্বিষহ হয়ে উঠেছে।

বিদ্যুৎ সরবরাহ

এ উপজেলায় লোড শেডিং-এর জন্য নিয়মিত বিদ্যুৎ সরবরাহ হচ্ছে না। ইউনিয়নগুলো এখনও বিদ্যুতায়িত হয়নি। ফলে বিদ্যুতের অভাবে নতুন ক্ষুদ্র শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠছে না।